# 2020

## PHILOSOPHY — HONOURS

### Fifth Paper

### Full Marks : 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**১নং** প্রশ্ন আবশ্যিক এবং ***ইউনিটগুলি*** থেকে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও।

১। সংক্ষেপে উত্তর দাও (***যে-কোনো তিনটি***) ঃ ১২×৩

(ক) অনুভব ও স্মৃতির মধ্যে পার্থক্য করো। অনুভব কপ্রকার ও কী কী? অনুভবের আশ্রয় কী?

(খ) নির্বিকল্পক প্রত্যক্ষকে কি প্রমা বলা যায়? আলোচনা করো।

(গ) উদাহরণ সহকারে সপক্ষ এবং বিপক্ষের পার্থক্য আলোচনা করো।

(ঘ) অন্নম্ভট্ট অনুসরণে প্রসঙ্গ উল্লেখপূর্বক 'ভূয়োদর্শন' পদটি ব্যাখ্যা করো।

(ঙ) সাধারণ সব্যভিচার ও বিরুদ্ধ হেত্বাভাসের মূল পার্থক্য কী? উদাহরণসহ আলোচনা করো।

(চ) 'শব্দ ঃ অনিত্যঃ কার্যত্বাৎ'— এই অনুমিতির পঞ্চাবয়ব গঠন করো।

(ছ) স্মৃতির লক্ষণে প্রদত্ত 'জ্ঞানম্' পদের তাৎপর্য ব্যাখ্যা করো।

(জ) লক্ষণার অতিরিক্ত গৌণীবৃত্তি স্বীকার করা উচিত নয়— অন্নম্ভট্টের এই বক্তব্যটি ব্যাখ্যা করো।

### ইউনিট - ১

২। (ক) অযথার্থ অনুভবের লক্ষণ তর্কসংগ্রহে কীভাবে প্রদত্ত হয়েছে?

(খ) দীপিকায় কেন এবং কীভাবে লক্ষণটি পরিমার্জিত হয়েছে?

(গ) অযথার্থ অনুভব কপ্রকার ও কী কী? ৮+৬+১০+৮

৩। (ক) তর্কসংগ্রহ অনুসারে কারণের লক্ষণ ব্যাখ্যা করো।

(খ) দীপিকাতে কারণের লক্ষণটি কেন এবং কীভাবে পরিমার্জিত হয়েছে?

(গ) অভাব রূপ কার্যের কোন প্রকার কারণ সম্ভব? ব্যাখ্যা করো।

(ঘ) নিম্নে প্রদত্ত দৃষ্টান্তগুলিতে কোনটিতে কোন প্রকারের কারণ প্রযুক্ত হয়েছে তা নির্ণয় করো ঃ

(অ) পৃথিবী তার ঘূর্ণন ক্রিয়ার কারণ

(আ) চক্ষুরিন্দ্রিয় চাক্ষুষ প্রত্যক্ষের কারণ

(ই) আত্ম-মন সংযোগ অনুমিতির প্রতিকারণ। ১০+৮+৮+৬

## ইউনিট - ২

৪। (ক) তর্ক সংগ্রহে প্রদত্ত প্রত্যক্ষের লক্ষণটি ব্যাখ্যা করো।

(খ) অন্নম্‌ভট্টের মতে প্রত্যক্ষপ্রমার করণ কী? করণের কোন ব্যাখ্যা এই ক্ষেত্রে প্রযোজ্য?

(গ) অভাব প্রত্যক্ষের ক্ষেত্রে প্রত্যক্ষের লক্ষণ সমন্বয় করো। ১২+১২+৮

৫। (ক) তর্ক সংগ্রহে আলোচিত বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষগুলি উপযুক্ত উদাহরণ সহকারে আলোচনা করো।

(খ) নিম্নলিখিত প্রত্যক্ষের ক্ষেত্রে সন্নিকর্ষ নির্ধারণ করো ঃ

(অ) মোটর গাড়ির হর্নের শব্দ

(আ) বরফের শীতলতার স্পার্শন প্রত্যক্ষ

(ই) আত্মায় দুখের অভাবের প্রত্যক্ষ

(ঈ) গোলাপ ফুলের সুগন্ধের প্রত্যক্ষ। ২৪+৮

## ইউনিট - ৩

৬। (ক) ব্যাপ্তি ও পরামর্শের মধ্যে পার্থক্য কী?

(খ) অন্নম্‌ভট্ট কেন পরামর্শকে অনুমিতির অপরিহার্য অবয়ব মনে করেন?

(গ) নিম্নলিখিত অনুমিতিটির পক্ষধর্মতা, ব্যাপ্তি ও পরামর্শ গঠন করো ঃ

'ঘটঃ অনিত্যঃ সাবয়বত্বাৎ' ৮+১৮+৬

৭। (ক) লিঙ্গ কাকে বলে?

(খ) অন্নম্‌ভট্টকে অনুসরণ করে কেবল ব্যতিরেকী এবং কেবলান্বয়ী লিঙ্গের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(গ) কেবল ব্যতিরেকী অনুমানের সাধ্য 'ইতরভেদ' বিষয়ে যে প্রশ্ন দীপিকাতে উত্থাপিত হয়েছে তা অন্নম্‌ভট্ট অনুসারে আলোচনা করো। ৮+১২+১২

৮। নিম্নলিখিত অনুমিতিগুলির *প্রত্যেকটির* পক্ষ, সাধ্য ও হেতু নির্দেশ করো। হেতুটি কেন অশুদ্ধ তা ব্যাখ্যা করো ঃ ৮×৪

(ক) দ্ব্যণুক নিত্য, যেহেতু তার কারণ আছে

(খ) বহ্নি শীতল, যেহেতু তা দ্রব্য

(গ) সকল পদার্থই অনিত্য, যেহেতু সকল পদার্থই জ্ঞানের বিষয়

(ঘ) পর্বতটি ধোঁয়াযুক্ত, যেহেতু তাতে আগুন আছে।

## ইউনিট - ৪

৯। (ক) সকল জ্ঞানই যথার্থ এটি কোন সম্প্রদায়ের মত? এই মত অনুসারে ভ্রমের কী ব্যাখ্যা দেওয়া হয়েছে?

(খ) অন্নম্‌ভট্ট কীভাবে এই মত খণ্ডন করেন? (২+১৪)+১৬

১০। (ক) শক্তি ও লক্ষণার মধ্যে পার্থক্য কী? উদাহরণ সহকারে ব্যাখ্যা করো।

(খ) বিভিন্ন প্রকার লক্ষণা দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ৮+২৪

১১। (ক) অর্থাপত্তি কাকে বলে? মীমাংসকগণ কেন অর্থাপত্তিকে পৃথক প্রমাণরূপে স্বীকার করেন? ব্যাখ্যা করো।

(খ) অন্নম্‌ভট্ট কীভাবে মীমাংসা মত খণ্ডন করেছেন? (১২+৮)+১২

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

Answer ***question no.*** **1** and ***any other two*** questions from the ***units.***

**1.** Answer in brief (***any three***) : 12×3

(a) Distinguish between *anubhava* and *smriti.* How many kinds of *anubhava* are there and what are they? What is the locus of *anubhava*?

(b) Can *nirvikalpaka pratyakṣa* be called *pramā*? Discuss.

(c) Discuss with examples the difference between *sapakṣa* and *vipakṣa*.

(d) Explain with reference to the context, the term *bhuyodarśana* after Annaṁbhatta.

(e) What is the main distinction between *sādhāraṇa savyābhicāra* and *viruddha hetvābhāsa*? Discuss with examples.

(f) Construct the five membered syllogism of the inference 'sound is non-eternal as it is a product'.

(g) Explain the significance of the word '*jñānam*' in the definition of *smṛti*.

(h) Explain the view of *Annaṁbhaṭṭa* that *gauṇī* should not be taken as *vṛitti* distinct from lakṣaṇā.

### Unit - 1

**2.** (a) In what manner the definition of *ayathārtha anubhava* is presented?

(b) How and on what grounds this definition is amended in *Dīpikā*?

(c) How many *ayathārtha anubhava-s* are there and what are these? 8+6+10+8

**3.** (a) Explain the *lakṣaṇa* of *kāraṇa* after *Tarkasaṁgraha.*

(b) Why and how is the *lakṣaṇa* of *kāraṇa* revised in *Dīpikā*?

(c) Which kind of *kāraṇa* is possible of an effect which is a negative entity?

(d) Determine what kind of *kāraṇa* is exemplified in each of the following cases :

(i) The earth as the cause of its rotation

(ii) The visual sense organ as the cause of visual perception

(iii) *Ātma-mono-saṁyoga* as the cause of *anumiti.* 10+8+8+6

### Unit - 2

**4.** (a) Explain the *lakṣaṇa* of *pratyakṣa* as given in *Tarkasaṁgraha*.

(b) What is the *karaṇa* of *pratyakṣa pramā* according to *Annaṁbhaṭṭa*? Which explanation of *karaṇa* is followed in this case?

(c) Apply the *lakṣaṇa* of *pratyakṣa* to *abhāva pratyakṣa.* 12+12+8

**5.** (a) Discuss with suitable examples different kinds of laukika sannikarṣa as discussed in Tarkasaṁgraha.

(b) Determine the sannikarṣa in each of the following cases of perception :

(i) The sound of horn of a motor car.

(ii) Tactual perception of coldness of ice.

(iii) Perception of the absence of pain in the self.

(iv) Perception of fragrance of a rose. 24+8

**Unit - 3**

**6.** (a) What is the difference between *parāmarśa* and *vyāptī*?

(b) Why does *Annaṁbhaṭṭa* consider *parāmarśa* to be an indispensible part of inference?

(c) Formulate the *pakṣadharmatā*, *vyāpti* and *parāmarśa* of the following inference :

"*ghata anitya sāvayabatvāt*". 8+18+6

**7.** (a) What is *liṇga*?

(b) Explain after *Annaṁbhaṭṭa*, the distinction between *kevalānvayī linga* and *kevalavyatīrekī linga*.

(c) Discuss after *Annaṁbhaṭṭa* the questions which have been raised in *Dīpikā* with regard to the nature of the *sādhya itarbheda*. 8+12+12

**8.** Point out the *pakṣa*, *sādhya* and *hetu* in each of the following cases of *anumitī* and explain why the hetu is defective : 8×4

(a) The dyad is eternal because it has a cause.

(b) Fire is cold because it is a substance

(c) All entities are non-eternal because all entities are the objects of knowledge.

(d) The hill is smoky because it has fire in it.

**Unit - 4**

**9.** (a) 'All cognitions are valid'– which system advocates this view? How does this system explain illusion according to this view?

(b) How does *Annaṁbhaṭṭa* refute this view? (2+14)+16

**10.** (a) What is the difference between *śakti* and *lakṣaṇā*? Explain with examples.

(b) Explain different kinds of *lakṣaṇā* with suitable examples. 8+24

**11.** (a) What is *arthāpatti*? Why do the *Mimāṁsakas* admit *arthāpatti* as a separate *pramāṇa*? Explain.

(b) How does *Annaṁbhaṭṭa* criticise this view? (12+8)+12

______________